



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১০.২১.৩৩৮

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৮

০২ মে ২০২১

বিষয়: এনটিআরসিএতে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণের দায়ে পটুয়াখালী জেলার সদর উপজেলার বোতলবুনিয়া স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আমিনুল ইসলাম এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ।

সূত্র: স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯(অংশ-১).৭৭ তারিখ : ২২.০২.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এটিআরসিএতে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণের দায়ে পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন বোতলবুনিয়া স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আমিনুল ইসলাম এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০. ০৭৪.০২৯.০০১.২০১৯(অংশ-১).৭৭ তারিখ : ২২.০২.২০২১ খ্রি. পত্র মোতাবেক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কে নির্দেশনা প্রদান করেন। শিক্ষা মন্ত্রণালয় হতে গত ১২.০৬.২০১৮ তারিখে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের(স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ জারি করা হয়। উক্ত নীতিমালার ২৪(ঘ) ধারা অনুযায়ী নতুন বৃদ্ধিপ্রাপ্ত পদে নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে পৃথক আদেশ জারি করার বিধান ছিল। শিক্ষা মন্ত্রণালয় হতে বৃদ্ধিপ্রাপ্ত নতুন পদে নিয়োগের জন্য পৃথক আদেশ জারির আগেই পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন বোতলবুনিয়া স্কুল এন্ড কলেজ হতে বৃদ্ধিপ্রাপ্ত নতুন পদকে শূন্য পদ দেখিয়ে ২০১৯ সনের ২য় নিয়োগচক্রের মাধ্যমে শিক্ষক নিয়োগের জন্য এনটিআরসিএতে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণ করা হয়। এনটিআরসিএ কর্তৃক মেধা তালিকায় উত্তীর্ণ হয়ে সুপারিশ পাওয়া সত্ত্বেও ত্রুটিপূর্ণ চাহিদার কারণে সুপারিশপ্রাপ্ত শিক্ষক এমপিওভুক্ত হতে পারেননি। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের(স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা -২০১৮ এর ১৮ধারা অনুযায়ী পটুয়াখালী জেলার সদর উপজেলার বোতলবুনিয়া স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আমিনুল ইসলাম এর ৩(তিন) মাসের বেতন ভাতার সরকারি অংশ কর্তন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পটুয়াখালী জেলার সদর উপজেলার বোতলবুনিয়া স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত(মূলপদ : সহকারী অধ্যাপক-রাষ্ট্রবিজ্ঞান) জনাব মো: আমিনুল ইসলাম(ইনডেক্স : ৪২২৮০২) এর মে, জুন ও জুলাই '২০২১ মাসের বেতন ভাতা স্থগিত(Stop Payment) করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২-৫-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক কলেজ ৩

উপপরিচালক

সাধারণ প্রশাসন শাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১০.২১.৩৩৮/১(৫)

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৮

০২ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২) সভাপতি, গভর্নিং বডি, বোতলবুনিয়া স্কুল এন্ড কলেজ, সদর, পটুয়াখালী;
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল;
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা;
- ৫) জনাব মো: আমিনুল ইসলাম, ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বোতলবুনিয়া স্কুল এন্ড কলেজ, সদর, পটুয়াখালী।



২-৫-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক কলেজ ও